গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ৪৫তম পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব নুরুজ্জামান আহমেদ এম.পি মাননীয় মন্ত্রী সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সভাপতি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সভার তারিখ	:	০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ, ২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	সকাল ১১.৩০ টা
স্থান	:	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কার্যালয়, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযোজনী-১

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও পরিষদ সভাপতি জনাব নুরুজ্জামান আহমেদ এম.পি. সভার সভাপতিত্ব করেন। সভায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি. এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মিজ জুয়েনা আজিজ উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে নির্বাহী সচিব সভায় আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

আলোচ্যসূচি-১: ৪৪তম পরিষদ সভার কার্যবিবরণী দৃঢ়করণ			
বিষয়বস্তু	**আলোচনা**	**সিদ্ধান্ত**	
৪৪তম পরিষদ সভার কার্যবিবরণী দৃঢ়করণ	৪৪তম পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় ৪৪তম পরিষদ সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	
আলোচ্যসূচি-১: ৪৪তম পরিষদ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা			
বিষয়	**আলোচনা**	**সিদ্ধান্ত**	**বাস্তবায়নকারী**
১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন :	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ বিগত ২৯ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখ মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। এ সংক্রান্ত গেজেট বিগত ০৯ মে ২০১৯ খ্রি. তারিখ (২০১৯ সালের ৭ নং আইন) প্রকাশিত হয়েছে।	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং দ্রুত আইনের আলোকে বিধিমালা প্রণয়ন করতে হবে।	বাজাসকপ
২) সমাজকল্যাণ ভবন নির্মাণ :	"সমাজকল্যাণ পরিষদ ভবন" নির্মাণ প্রকল্প (DPP) ৩০ এপ্রিল/১৯ ECNEC সভায় ডিজাইনে কিছু পরিবর্তনসহ অনুমোদিত হয়েছে।	"সমাজকল্যাণ পরিষদ ভবন" নির্মাণ প্রকল্প (DPP) ৩০ এপ্রিল/১৯ ECNEC সভায় অনুমোদিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে ভবন নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। ভবন নির্মাণ শেষ না হওয়া পর্যন্ত পরিষদের ভবনের কাছাকাছি কোথাও সরকারি নিয়ম মোতাবেক অফিস ভাড়া নিতে হবে।	বাজাসকপ/ সকম

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩) অনুদান বন্টন নীতিমালা, ২০১৭ অনুমোদন।	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ বিগত ২৯ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখ মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। আইনের আলোকে নীতিমালা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে।	অনুদান বন্টন নীতিমালা হালনাগাদ করণের কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ০১(এক) মাসের মধ্যে এর খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকম/ বাজাসকপ
৪) সমাজকল্যাণ প্রতিষ্ঠান/সমিতির কার্যক্রম পরিদর্শন।	সমাজকল্যাণমূলক কর্মকান্ডে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সমিতির কার্যক্রম পরিদর্শনের জন্য পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে পরিদর্শন টিম গঠন করা হয়েছে এবং পরিদর্শন চলমান আছে।	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাজাসকপ
৫) সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা কার্যালয়ের আয়-ব্যয়ের হিসাব।	সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা দপ্তরকে তিন বছরের হিসাব প্রেরণ করার জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত অনুযায়ী মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা কার্যালয় এর হিসাব প্রতি তিন মাস অন্তর পরিষদে প্রেরণ করতে হবে। কোনভাবেই নীতিমালার ব্যত্তয় ঘটিয়ে এই অর্থ ব্যয় করা যাবে না। এর ব্যাত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারির ব্যক্তিগত দায় মর্মে গন্য হবে।	সমাজসেবা অধিদফতর
৬) পরিষদ সদস্যদের সুপারিশে অনুদান প্রদান।	পরিষদ সদস্যদের সুপারিশে অনুদান প্রদানের বিষয়ে আলোচনা হয়	বাজেট বৃদ্ধি সাপেক্ষে পরিষদ সদস্যদের সুপারিশক্রমে অনুদান বৃদ্ধি করা হবে।	বাজাসকপ
৭) সরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা।	১০(দশ) কোটি টাকা প্রিমিয়ার ব্যাংক লি. কাওরান বাজার শাখা STD হিসেবে জমা করা হয়। উল্লেখিত হিসাব হতে চলতি অর্থবছরে কল্যাণ অনুদানের অর্থ ব্যয় করা হচ্ছে। তাছাড়া ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি. (UCB), বসুন্ধরা শাখায় ০৩ মাস মেয়াদী FDR করা ০৫(পাঁচ) কোটি টাকা মেয়াদন্তে সমুদয় অর্থ স্থানান্তর করে পরিষদের এসটিডি হিসাব ১৪৩ পূবালী ব্যাংক, শান্তিনগর শাখায় স্থানান্তর করা হয়েছে।	ভবিষ্যতে পরিষদের স্বার্থ সংরক্ষণ করতে ব্যাংকে আমানত রাখা হবে।	বাজাসকপ
৮) রোগীকল্যাণ খাতের বরাদ্দ বিতরণ	২০১৮-২০১৯ অর্থবছর হতে রোগীকল্যাণ সমিতিকে প্রদত্ত অনুদানের ১০% বরাদ্দ সম্মানিত মুক্তিযোদ্ধাগণের জন্য ব্যয় অব্যাহত থাকবে।	২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়ন করা হবে।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৯) চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন।	চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে উন্নত আবাসন নির্মাণের জন্য ০১ জুন, ২০১৯ খ্রি. মৌলভীবাজার জেলায় সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপস্থিতিতে বিভাগীয় কমিশনার, সিলেট এর সভাপতিত্বে সরকারি কর্মকর্তা, চা-বাগান মালিক/ম্যানেজার, শ্রমিক ও সংগঠনসমূহের প্রতিনিধিবৃন্দ ও গণমাধ্যম কর্মীবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে উন্নত আবাসন নির্মাণের জন্য জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সমাজকল্যাণ পরিষদসমূহ বরাবরে অর্থ ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও চা বাগান শ্রমিকদের আবাসন মডেল তৈরীর জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে সভাপতি করে ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। চলতি অর্থবছর একেবারে শেষ পর্যায়ে বিধায় বিভাগীয় কমিশনার, সিলেট এর সাথে আলাপ করে চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকার মধ্যে মৌলভীবাজার জেলায় ১,২৫,০০০,০০/-(এক কোটি পঁচিশ লক্ষ) টাকা, হবিগঞ্জ জেলায় ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা এবং সিলেট জেলায় ৩৫,০০,০০০/-(পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। যার অনুমোদন দেয়া যেতে পারে। এই অর্থ দিয়ে পাইলট কার্যক্রম হিসেবে চা বাগান শ্রমিকদের জন্য আবাসন নির্মান করা হবে। তবে প্রতিটি ঘরের জন্য ২ লক্ষ থেকে ৩ লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমা ধরা হয়েছে।	চা বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণের পদক্ষেপটি ধন্যবাদসহ অনুমোদন করা হয়। এই পাইলট কার্যক্রম সফল হলে আগামী অর্থবছরে বরাদ্দ বাড়িয়ে এর পরিধি বাড়াতে হবে।	বাজাসকপ/বিভাগীয় কার্যালয় সিলেট/ জেলা প্রশাসক সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
১০) পরিষদের গবেষণা কার্যক্রম।	লালমনিরহাট, দিনাজপুর, ময়মনসিংহ এবং শেরপুর জেলাসমূহে ক্ষুদ্র-নৃগোষ্ঠী, জাতিসত্তা ও সম্প্রদায়ভুক্ত জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে কৌশল উদ্ভাবন, সেবা সহজীকরণ ও সামাজিক নিরাপত্তা বিশ্লেষণ বিষয়ক গবেষণা প্রস্তাব আগামী অর্থবছরে সম্পন্ন করা হবে। এ কার্যক্রম একেবারে প্রাথমিক পর্যায়ে আছে।	এ বিষয়ে কার্যক্রম অব্যাহত থাকবে।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১১) পরিষদের কোষাধ্যক্ষের দায়িত্ব পালন।	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কোষাধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালনের জন্য পরিষদের ২৫ জানুয়ারি, ২০০৩ তারিখের রেজুলিউশনের ১(৩) অনুচ্ছেদ এর আংশিক পরিবর্তন করে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর স্থলে সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে মনোনীত একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব কোষাধ্যক্ষ পদে দায়িত্ব পালন করছেন।	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	বাজাসকপ
আলোচ্যসূচি-৩: ১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ অনুমোদন			
১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ অনুমোদন	১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ সভায় উপস্থাপন করা হয়।	১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ সভায় অনুমোদন করা হয়।	বাজাসকপ
আলোচ্যসূচি-৪: জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান :			
জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান	জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতির জন্য (১)'ব্লাইন্ড এডুকেশন এন্ড রিহেবিলিটেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (বার্ডো)' মিরপুর, ঢাকা-১২১৬ রেজি নং-ঢ-০২৭৬৪, তারিখ: ১৩.০৭.১৯৯২ খ্রি. এবং (২)আমেনা ফাউন্ডেশন, ঠনঠনিয়া, সদর, বগুড়া, রেজি নং- বগ-১৫৭০, তারিখ-১৮.০৯.২০১১ খ্রি. আবেদন দাখিল করেছে। নীতিমালা অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্র গঠিত কমিটি দ্বারা যাচাই-বাছাই করা হয়েছে। **১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে** অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় (১) 'ব্লাইন্ড এডুকেশন এন্ড রিহেবিলিটেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (বার্ডো)', মিরপুর, ঢাকা-১২১৬ রেজি নং-ঢ-০২৭৬৪ এবং এবং (২)আমেনা ফাউন্ডেশন, ঠনঠনিয়া, সদর, বগুড়া, রেজি নং- বগ-১৫৭০, তারিখ-১৮.০৯.২০১১ খ্রি. কে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতির জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়াও জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতির জন্য 'অটিজম সাপোর্ট এসোসিয়েশন অব বাংলাদেশ', বাসা-৩১ (নীচতলা), রোড নং-১৬, সেক্টর-১৪, ঢাকা। রেজি নং-ঢ-০৯৪৭৮, তারিখ-১০.০৮.২০১৭ খ্রি. এবং নারী উন্নয়ন ফোরাম (এনইউএফ), পশ্চিম খাবাসপুর, ফরিদপুর, রেজি নং-ফরিদ-২৮৬, তারিখ-২০.০১.২০০৩ খ্রি. আবেদন দাখিল করেছেন। নীতিমালা অনুযায়ী আবেদনপত্র যাচাই-বাছাই করা হয়েছে।	সভায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় : **(১) 'ব্লাইন্ড এডুকেশন এন্ড রিহেবিলিটেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (বার্ডো)'**, মিরপুর, ঢাকা-১২১৬ রেজি নং-ঢ-০২৭৬৪ **(২) 'আমেনা ফাউন্ডেশন,** ঠনঠনিয়া, সদর, বগুড়া', রেজি নং- বগ-১৫৭০, তারিখ-১৮.০৯.২০১১ খ্রি. **(৩)'অটিজম সাপোর্ট এসোসিয়েশন অব বাংলাদেশ',** বাসা-৩১ (নীচতলা), রোড নং-১৬, সেক্টর-১৪, ঢাকা। রেজি নং-ঢ-০৯৪৭৮, তারিখ-১০.০৮.২০১৭ খ্রি. এবং **(৪) 'নারী উন্নয়ন ফোরাম (এনইউএফ)'** পশ্চিম খাবাসপুর, ফরিদপুর, রেজি নং-ফরিদ-২৮৬, তারিখ-২০.০১.২০০৩ খ্রি.	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আলোচ্যসূচি-৫: ২০১৮-২০১৯ অর্থবছরের অনুদান : নির্বাহী কমিটির ১৯-০৫.২০১৯ খ্রি. সভার সুপারিশ অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থবছরের কল্যাণ অনুদান উত্থাপন করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :			
১) জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে অনুদান	জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের ১৬টি প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়া গিয়েছে। অনুদান বন্টন নীতিমালা-২০১১ অনুযায়ী যাছাই বাছাই শেষে ত্রুটি বিচ্যুতি পাওয়ায় ৩টি প্রতিষ্ঠান বাতিল করা হয়েছে। ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ১৩টি প্রতিষ্ঠানের অনুকূলে ১,১৫,০০,০০০/-(এক কোটি পনের লক্ষ) টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হয়েছে।	নির্বাহী কমিটির সুপারিশ আংশিক পরিবর্তন করে ১৩টি জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের অনুকূলে পরিশিষ্ট-১ অনুযায়ী ১,১৫,০০,০০০/-(এক কোটি পনের লক্ষ) টাকা অনুদান বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
২) মানব সম্পদ উন্নয়ন (সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা এর মাধ্যমে)	মানব সম্পদ উন্নয়ন (সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা এর মাধ্যমে) খাতে ৬৪ জেলার ৮০টি সমন্বয় পরিষদ হতে আবেদন পাওয়া গিয়েছে। অনুদান বন্টন নীতিমালা-২০১১ অনুযায়ী যাছাই বাছাই করা হয়েছে এবং ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ৮০টি সমন্বয় পরিষদের অনুকূলে ২,৪০,০০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হয়েছে।	৮০টি সমন্বয় পরিষদের অনুকূলে ২,৪০,০০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা পরিশিষ্ট-২ অনুযায়ী অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
৩) দুঃস্থ, অসহায়, প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা (রোগীকল্যাণ সমিতির মাধ্যমে)	দুঃস্থ, অসহায়, প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা (রোগীকল্যাণ সমিতির মাধ্যমে) খাতে ৫২২টি রোগীকল্যাণ সমিতি হতে আবেদন পাওয়া গিয়েছে এবং ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ৫২২টি রোগীকল্যাণ সমিতির অনুকূলে ১২,৫০,০০,০০০/-(বারো কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হয়েছে।	৫২২টি রোগীকল্যাণ সমিতির অনুকূলে ১২,৫০,০০,০০০/-(বারো কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পরিশিষ্ট-৩ অনুযায়ী অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
৪) সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়ন ও পূনর্বাসন (অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে)	সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়ন ও পূনর্বাসন (অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে) খাতে ৬৪ জেলা হতে আবেদন পাওয়া গিয়েছে এবং ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ৬৪ জেলার সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়ন ও পূনর্বাসনে ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হয়েছে।	সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়ন ও পূনর্বাসনে ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা পরিশিষ্ট-৪ অনুযায়ী অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫) সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠন	৬৪ জেলা হতে সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের মোট ৪৯৪২ টি আবেদন পাওয়া গিয়েছে। জেলা সমাজকল্যাণ পরিষদের সুপারিশকৃত আবেদন সংখ্যা ৪৭৩২ টি। ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ৪৭৩২ টি সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে ৭,০০,০০,০০০/-(সাত কোটি) টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হয়েছে।	৪৭৩২টি সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা পরিশিষ্ট-৫ অনুযায়ী অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
৬) পরিষদ ও জেলা সমাজকল্যাণ পরিষদ	পরিষদ ও জেলা সমাজকল্যাণ পরিষদ ৫,৫০,০০,০০০(পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) ইতিমধ্যে বিতরণ করা হয়েছে।	পরিষদ ও জেলা সমাজকল্যাণ পরিষদের অনুকূলে ইতিমধ্যে বিতরণকৃত ৫,৫০,০০,০০০(পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) অনুমোদন করা হলো	বাজাসকপ
৭) বিশেষ অনুদান :			
ক) ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন	ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে বরাদ্দকৃত ২ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় পরিশিষ্ট-৬ অনুযায়ী সুপারিশ করা হয়েছে।	ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে বরাদ্দকৃত ২ কোটি টাকা পরিশিষ্ট-৬ অনুযায়ী অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
খ) ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের বিশেষ শিক্ষাবৃত্তি	ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের বিশেষ শিক্ষাবৃত্তি খাতে বরাদ্দকৃত ২ কোটি টাকার মধ্যে ১ কোটি ইতিমধ্যে বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ১ কোটি টাকা ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় পরিশিষ্ট-৭ অনুযায়ী বিতরণের সুপারিশ করা হয়েছে।	ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের বিশেষ শিক্ষাবৃত্তি খাতে বরাদ্দকৃত অবশিষ্ট ১ কোটি টাকা পরিশিষ্ট-৭ অনুযায়ী বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
গ) নদী ভাঙ্গনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্থ বস্তিবাসীদের পূনর্বাসন	নদী ভাঙ্গনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্থ বস্তিবাসীদের পূনর্বাসনে ১ কোটি ৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অবশিষ্ট ১ কোটি ২ লক্ষ টাকার বিভাজন করা হয়েছে। অবশিষ্ট ১ কোটি ২ লক্ষ টাকা ১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় পরিশিষ্ট-৮ অনুযায়ী বিতরণের সুপারিশ করা হয়েছে।	নদী ভাঙ্গনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্থ বস্তিবাসীদের পূনর্বাসনে অবশিষ্ট ১ কোটি ২ লক্ষ টাকা পরিশিষ্ট-৮ অনুযায়ী বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ঘ) চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন প্রণয়ন	চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে উন্নত আবাসন নির্মাণের জন্য ০১ জুন, ২০১৯ খ্রি. মৌলভীবাজার জেলায় সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপস্থিতিতে বিভাগীয় কমিশনার, সিলেট এর সভাপতিত্বে সরকারি কর্মকর্তা, চা-বাগান মালিক/ম্যানেজার, শ্রমিক ও সংগঠনসমূহের প্রতিনিধিবৃন্দ ও গণমাধ্যম কর্মীবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে উন্নত আবাসন নির্মাণের জন্য জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সমাজকল্যাণ পরিষদসমূহ বরাবরে অর্থ ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও চা বাগান শ্রমিকদের আবাসন মডেল তৈরীর জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে সভাপতি করে ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। চলতি অর্থবছর একেবারে শেষ পর্যায়ে বিধায় বিভাগীয় কমিশনার, সিলেট এর সাথে আলাপ করে চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত ২,০০,০০,০০০/-(দুই কোটি) টাকার মধ্যে মৌলভীবাজার জেলায় ১,২৫,০০০,০০/-(এক কোটি পঁচিশ লক্ষ) টাকা, হবিগঞ্জ জেলায় ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা এবং সিলেট জেলায় ৩৫,০০,০০০/-(পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। যার অনুমোদন দেয়া যেতে পারে। এই অর্থ দিয়ে পাইলট কার্যক্রম হিসেবে চা বাগান শ্রমিকদের জন্য আবাসন নির্মান করা হবে। তবে প্রতিটি ঘরের জন্য ২ লক্ষ থেকে ৩ লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমা ধরা হয়েছে।	চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত ২,০০,০০,০০০/-(দুই কোটি) টাকা পাইলট কার্যক্রম হিসেবে চা বাগান শ্রমিকদের আবাসন নির্মানের জন্য মৌলভীবাজার জেলায় ১,২৫,০০০,০০/-(এক কোটি পঁচিশ লক্ষ) টাকা, হবিগঞ্জ জেলায় ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা এবং সিলেট জেলায় ৩৫,০০,০০০/-(পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
ঙ) প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের পূনর্বাসন	প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের পূনর্বাসনে বরাদ্দকৃত ৪ কোটি ৫০ লক্ষ টাকা ১৯.০৫.২০১৯ খি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী সভার সুপারিশমত বিতরণ করা হয়েছে।	প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের পূনর্বাসনে বিতরণকৃত ৪ কোটি ৫০ লক্ষ টাকা সভায় অনুমোদন করা হয়।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
চ) ভিক্ষাবৃত্তি নিরসন	জেলা প্রশাসন এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে ভিক্ষাবৃত্তি নিরসন কার্যক্রমে অর্থ বরাদ্দ করতে হবে। আলোচনা অংশ নিয়ে মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় বলেন যে, ভিক্তাবৃত্তি নিরসন কার্যক্রমে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং জেলা প্রশাসকের দপ্তর হতে কার্যক্রম চলমান আছে। যে সকল জেলায় ভিক্তাবৃত্তি নিরসন কার্যক্রম চালু নেই সে সকল জেলায় এ অর্থ প্রদান করা যেতে পারে।	যে সকল জেলা ইতোমধ্যেই ভিক্ষুকমুক্ত জেলা হিসেবে ঘোষিত হয়েছে ঐ সকল জেলা ব্যতীত বাকী জেলাগুলোতে এই অনুদান দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	বাজাসকপ
ছ) অন্যান্য বিশেষ অনুদান (দুস্থ, অসহায় ব্যক্তির জন্য অর্থ সাহায্য)	১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় সুপারিশমত অন্যান্য বিশেষ অনুদান খাতে ৫ কোটি ৫৫ লক্ষ টাকা অসহায় ও দুস্থ ব্যক্তিদের মধ্যে বিতরণ করা হয়েছে।	অসহায় ও দুস্থ ব্যক্তিদের মধ্যে অন্যান্য বিশেষ অনুদান খাত হতে বিতরণকৃত ৫ কোটি ৫৫ লক্ষ টাকা সভায় অনুমোদন করা হয়।	বাজাসকপ
জ) প্রতিবন্ধী, গরীব, মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য অর্থ সাহায্য	১৯.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় সুপারিশমত প্রতিবন্ধী, গরীব, মেধাবী ছাত্র-ছাত্রীদের সাহায্যার্থে ১ কোটি ১৪ লক্ষ ৭ হাজার টাকা বরাদ্দ আছে।	প্রতিবন্ধী, গরীব, মেধাবী ছাত্র-ছাত্রীদের উপখাতে বরাদ্দকৃত ১ কোটি ৪০ লক্ষ টাকার মধ্যে বিতরণকৃত ১ কোটি ১৪ লক্ষ টাকা সভায় অনুমোদন করা হয় এবং অবশিষ্ট ২৫ লক্ষ ৯৩ হাজার টাকা ২০১৮-২০১৯ অর্থবছরের মধ্যেই বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
ঝ) স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ এর অনুকূলে অনুদান	ঝ) স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ এর অনুকূলে অনুদান: বিশেষ শিশুদের প্রতিভা অন্বেষণ স্বাস্থ্য সচেতনতা ও প্রশিক্ষণের জন্য 'স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ' এর অনুকূলে ২ কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে।	স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ এর অনুকূলে অনুদান: বিশেষ শিশুদের প্রতিভা অন্বেষণ স্বাস্থ্য সচেতনতা ও প্রশিক্ষণের জন্য 'স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ' এর অনুকূলে প্রদত্ত ২ কোটি টাকা সভায় অনুমোদন করা হয়।	বাজাসকপ

আলোচ্যসূচি-৬: 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মসূচি প্রণয়ন :			
বিষয়	**আলোচনা**	**সিদ্ধান্ত**	**বাস্তবায়নকারী**
'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মসূচি প্রণয়ন।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে নিম্নরূপভাবে কর্মসূচি প্রণয়ন করা হয়েছে : **ক) বিশেষ দিবসসমূহ উদযাপন :** ১০ জানুয়ারি, ২১ ফেব্রুয়ারি, ৭ মার্চ, ১৭ মার্চ, ১০ এপ্রিল, ১৭ এপ্রিল, ২৫ ও ২৬ মার্চ, ৭ জুন, ২৩ জুন, ১৫ আগস্ট, ১৬ ডিসেম্বর দিবসসমূহ উদযাপন। **খ) ডকুমেন্টারী তৈরী :** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে বঙ্গবন্ধুর অবদান ও পরবর্তী অগ্রযাত্রা বিষয়ে একটি ডকুমেন্টরী তৈরী করা হবে। **গ) অটোমেশন :** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকান্ডকে জনগনের দোরগোড়ায় পৌছানোর লক্ষ্যে অটোমেশন বা সহজিকরণ ব্যবস্থা চালু করা হবে। **ঘ) শেখ সায়েরা খাতুন-লুৎফর রহমান প্রবীণ চিকিৎসা সহায়তা কর্মসূচি :** ঢাকা বিভাগের টুঙ্গিপাড়া, চট্টগ্রাম বিভাগের নোয়াখালী সদর, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ সদর ও বরিশাল বিভাগের ভান্ডারিয়া উপজেলায় প্রবীণদের বিশেষ চিকিৎসা সহায়তা কর্মসূচি চালু করা হবে। **ঙ) প্রশিক্ষণ কার্যে 'সোনার বাংলা-ডেলটা প্লান-২১০০' শীর্ষক সেশন চালু :** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের চলমান প্রশিক্ষণ কার্যক্রমে 'সোনার বাংলা-ডেলটা প্লান-২১০০' শীর্ষক সেশন চালু করা হবে।	কর্মসূচি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	বাজাসকপ
আলোচ্যসূচি-৭: ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে সেবা প্রদান :			
ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে সেবা প্রদান	ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে সেবা প্রদানের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী অর্থবছরে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও বিশেষ অনুদান খাতে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে কার্যক্রম শেষ পর্যায়ে আছে।	পরবর্তী অর্থবছরে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও অন্যান্য অনুদানের অর্থ অনলাইনে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ
আলোচ্যসূচি-৮: বিবিধ :			
ক) উপজেলা সমাজকল্যাণ পরিষদকে অনুদান	সভায় অনেক সম্মানিত সদস্য জেলা সমাজকল্যাণ পরিষদের আদলে আগামী অর্থবছর হতে উপজেলা সমাজকল্যাণ পরিষদের অনুকূলে অনুদান বরাদ্দের সুপারিশ করেন।	আগামী অর্থবছর হতে উপজেলা সমাজকল্যাণ পরিষদের অনুকূলে অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদন করা হয়।	বাজাসকপ
খ) অনুদানের বিভিন্ন খাতের অব্যয়িত অর্থ অন্যান্য বিশেষ অনুদান খাতে ব্যয়	অনুদানের বিভিন্ন খাতের অব্যয়িত অর্থ সংশ্লিষ্ট খাতে ব্যয় করা সম্ভব না হলে অব্যয়িত অর্থ অন্যান্য বিশেষ অনুদান খাতে ব্যয় করার ১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সুপারিশ উপস্থাপন করা হয়।	অনুদানের বিভিন্ন খাতের অব্যয়িত অর্থ সংশ্লিষ্ট খাতে ব্যয় করা সম্ভব না হলে অব্যয়িত অর্থ অন্যান্য বিশেষ অনুদান খাতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজাসকপ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
গ) ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৯ উপলক্ষে গঠিত ব্রোশিউর উপকমিটির অগ্রিম হিসেবে প্রদানকৃত ২ লক্ষ টাকার অনুমোদন	১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৯ উপলক্ষে গঠিত ব্রোশিউর উপকমিটির আবেদনের প্রেক্ষিতে অগ্রিম হিসেবে প্রদানকৃত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর দিবস উদযাপন খাত হতে চূড়ান্তভাবে প্রদানের ১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সুপারিশ উপস্থাপন করা হয়।	১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৯ উপলক্ষে গঠিত ব্রোশিউর উপকমিটির আবেদনের প্রেক্ষিতে অগ্রিম হিসেবে প্রদানকৃত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা অনুমোদন করা হলো।	বাজাসকপ
ঘ) দশ হাজার এবং তদুর্ধ্ব পরিমাণ টাকার চেক A/C Payee ইস্যুর	১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় দশ হাজার এবং তদুর্ধ্ব পরিমাণ টাকার চেক A/C Payee ইস্যুর সপারিশ করা হয়েছে। বিষয়টি অনুমোদন করা যেতে পারে।	দশ হাজার এবং তদুর্ধ্ব পরিমাণ টাকার চেক A/C Payee ইস্যু অনুমোদন করা হলো।	বাজাসকপ
ঙ) জনবল : দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োগ	বর্তমানে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে কর্মকর্তা/কর্মচারীর মাত্র ২৭ জন। যার ফলে নিয়মিত কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটে। তাছাড়া পরিষদের কর্মপরিধি পূর্বের তুলনায় বহুগুনে বৃদ্ধি পাওয়ায় ২২৭ জনের নতুন জনবল কাঠামো জনপ্রশাসন মন্ত্রণালয়ে চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন রয়েছে। সাময়িক সংকট মোকাবেলায় ১৯.০৫.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী জনাব তরিকুল ইসলাম, জনাব সাহেব আলীকে অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে জনাব মো: সজীব ইসলাম, গাড়ী চালক পদে দক্ষ শ্রমিক এবং জনাব মো: সালাউদ্দীন, অফিস সহায়ক পদে জনাব মো: শাজাহান, মালী পদে অদক্ষ শ্রমিক হিসেবে দৈনিক মজুরির ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (No Work No Pay) নিয়োগ প্রদান করা হয়েছে।	জনাব তরিকুল ইসলাম, জনাব সাহেব আলীকে অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে জনাব মো: সজীব ইসলাম, গাড়ী চালক পদে দক্ষ শ্রমিক এবং জনাব মো: সালাউদ্দীন, অফিস সহায়ক পদে জনাব মো: শাজাহান, মালী পদে অদক্ষ শ্রমিক হিসেবে দৈনিক মজুরির ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (No Work No Pay) নিয়োগ প্রদান করা হলো	বাজাসকপ
চ) জেলা সমাজকল্যাণ পরিষদের কর্মসূচিতে পরিষদ সদস্যদের আমন্ত্রণ।	জেলা সমাজকল্যাণ পরিষদের বিভিন্ন অনুষ্ঠানে পরিষদ সদস্যদের আমন্ত্রণ জানানোর বিষয়টি অনেক সদস্য তুলে ধরেন।	প্রস্তাবটি অনুমোদন করা হয়। এ উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে নির্দেশনা প্রেরণ করা হবে।	
ছ) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়কে পরিষদের কার্যক্রমে অন্তর্ভূক্তকরণ।	বিভাগীয় পর্যায়ে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালক এর দপ্তর স্থাপিত হয়েছে এবং কার্যক্রম চালু হয়েছে। পরিষদের কার্যক্রমে তাঁদের অন্তর্ভূক্তকরণের প্রস্তাব উত্থাপিত হয়।	বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর তার কর্ম এলাকার মধ্যে সমাজকল্যাণ পরিষদের অনুদান কার্যক্রম বিষয়টি পরিদর্শন করবেন এবং প্রতিবেদন দিবেন।	

জ) পার্বত্য জেলা সমূহের সমাজকল্যাণ পরিষদ।	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বান্দরবান জেলার সম্মানিত সদস্য জনাব এমিচিং জানান যে, পার্বত্য জেলা খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার জেলা সমাজকল্যাণ পরিষদের সভাপতি চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ এবং সদস্য সচিব উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়। এ কারণে অনুদান, যোগাযোগ ও চিঠিপত্র জেলা প্রশাসকের পরিবর্তে জেলা সমাজকল্যাণ পরিষদের সভাপতি চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদের অনুকূলে প্রেরণের অনুরোধ করেন।	এ বিষয়ে আইন ও বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।	

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(নুরুজ্জামান আহমেদ এমপি)
মন্ত্রী
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

নং- ৪১.০৩.০০০০.০৮১.০৮.০৪৯.১৮- ৩৬৭

তারিখ : ১০ আষাঢ় ১৪২৬ / ২৪ জুন ২০১৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য :

১. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সহ সভাপতি, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৭. মহাপরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (পরিকল্পনা, উন্নয়ন ও আইন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও কোষাধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।
১০. চেয়ারম্যান, সমাজকর্ম বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১১. বিভাগীয় প্রধান, আর্থ-সামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১২. পরিচালক, ইনিস্টিটিউট অব সোস্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, এনজিও ফাউন্ডেশন, মহাখালী, ঢাকা।
১৫. শেখ কবির হোসেন, টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ।
১৬. জনাব.....সদস্য, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।

অনুলিপি :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪.০৫.২০১৯

(এটিএম নাসির মিয়া)
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
ও
সদস্যসচিব
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
ফোন : ৯৩৪৮১২৫
e.mail : bnswcbd@gmail.com